BANGLADESH GARMENT MANUFACTURERS
& EXPORTERS ASSOCIATION (BGMEA)

*"Made in Bangladesh with Pride"*

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

জরুরী

Ref: বিজিএ/কাস/২০২২/৬৩ তাং ১৯/০৪/২০২২ইং

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার যৌক্তিকীকরণ প্রসংঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র পরিচালনা পর্ষদের অনুরোধের প্রেক্ষিতে আমানত সংগ্রহ ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার যৌক্তিকীকরণের মাধ্যমে বিনিয়োগেবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানতের উপর সুদ/মুনাফার হার সর্বোচ্চ ৭% এবং সকল প্রকার ঋণ/লিজ/বিনিয়োগের উপর সুদ/মুনাফার কার্যকরী হার সর্বোচ্চ ১১% এ নির্ধারণ করে বাংলাদেশ ব্যাংক সার্কুলার জারী করেছে।

এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার নং- ০৬ তারিখ- ১৮/০৪/২০২২ আপনাদের সদয় অবগতির জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৯/৪/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BGMEA Regional Office :** BGMEA Bhaban (Lebel-4&5) 669/E, Jhautala Road (Near CNG Station), South Khulshi, Chittagong.
Tel: +880-31-2867401-10 (PABX), Fax: +880-31-2867412, E-mail: info@bgmeactg.org

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

*Website: www.bb.org.bd*

তারিখ : ৫ বৈশাখ ১৪২৯ / ১৮ এপ্রিল ২০২২

ডিএফআইএম সার্কুলার নং-০৬

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

<u>আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার যৌক্তিকীকরণ প্রসঙ্গে।</u>

সাম্প্রতিক সময়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানত সংগ্রহ ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার পর্যালোচনায় দেখা গেছে যে, কিছু কিছু আর্থিক প্রতিষ্ঠান বিদ্যমান বাজার হারের সাথে সামঞ্জস্য বজায় না রেখে তুলনামূলক উচ্চ সুদ/মুনাফার হারে আমানত গ্রহণের ফলে অযৌক্তিকভাবে প্রতিষ্ঠানসমূহের তহবিল ব্যয় বৃদ্ধি পাচ্ছে। এর প্রভাবে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উচ্চ সুদ/মুনাফার হারে গ্রাহকের অনুকূলে ঋণ/লিজ/বিনিয়োগ সুবিধা প্রদান করতে হচ্ছে। ফলশ্রুতিতে ঋণ গ্রহীতাগণের ঋণ পরিশোধের সক্ষমতা হ্রাস, খেলাপি ঋণের পরিমাণ ও হার বৃদ্ধি এবং উৎপাদনসহ সামগ্রিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়ছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, আমানত সংগ্রহ ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার যৌক্তিকীকরণের মাধ্যমে বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানতের উপর সুদ/মুনাফার হার সর্বোচ্চ ৭% এবং সকল প্রকার ঋণ/লিজ/বিনিয়োগের উপর সুদ/মুনাফার কার্যকরী হার সর্বোচ্চ ১১%-এ নির্ধারণ করা হলো।

৩। এ নির্দেশনা ১লা জুলাই, ২০২২ তারিখ হতে কার্যকর হবে।

৪। নির্দেশনা কার্যকর হওয়ার পর নতুনভাবে আহরিত সকল আমানত এবং বিদ্যমান ও নতুনভাবে মঞ্জুরিকৃত সকল ঋণ/লিজ/বিনিয়োগ-এর সুদ/মুনাফার হার এই সার্কুলারে বর্ণিত সর্বোচ্চ সুদ/মুনাফার হারের অধিক হবে না। তবে এ নির্দেশনা কার্যকর হওয়ার পূর্বে আহরিত আমানতের ক্ষেত্রে পূর্ব ঘোষিত সুদ/মুনাফার হার উক্ত আমানতের বর্তমান মেয়াদপূর্তির পর এ নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হবে।

৫। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ক), (খ) ও (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
মহাব্যবস্থাপক

৮। সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

৯। সচিব, বাস্তবায়ন ও পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭ (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

১০। প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

১১। সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

১২। প্রকল্প পরিচালক, একনেক ও সমন্বয় উইং, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

১৩। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা (তাঁকে একজন প্রতিনিধি প্রেরনের অনুরোধসহ);

১৪। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

১৫। সভাপতি, এফবিসিসিআই, মতিঝিল বাণিজ্যক এলাকা, ঢাকা (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

১৬। সভাপতি, বিজিএমইএ, ঢাকা (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

১৭। সভাপতি, বিকেএমইএ, ঢাকা (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

১৮। উপ-প্রধান/সিনিয়র সহকারী প্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯। প্রথম সচিব (শুল্ক আধুনিকায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২০। আবাসিক পরিচালক, বিশ্ব ব্যাংক, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ (তাঁকে একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);

২১। জনাব ম. সফিউজ্জামান, উপ প্রকল্প পরিচালক, **(তাঁকে উক্ত প্রকল্পের একজন সহকারী/ডেপুটি পরিচালকের মাধ্যমে সকল প্রতিনিধিদের অবহিতকরণ, সভায় সকলের উপস্থিতি নিশ্চিতকরণ এবং সভার কার্যবিবরণী প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )।**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০১.১৮/৭২

তারিখ: ০৫ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **(তাঁকে সম্মেলন কক্ষ প্রস্তুত রাখার অনুরোধসহ)।**

৩. পিএ টু সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

18-4-2022

**(ইমাম গাজ্জালী)**
**দ্বিতীয় সচিব (কাস্টমস: আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা)**